



ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের এসএসসি কৃতকার্যদের অভিনন্দন

দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি., ঢাকা (ঢাকা ক্রেডিট) এর শিক্ষা প্রকল্প ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল থেকে ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছে ঢাকা ক্রেডিটের পরিচালনা পরিষদ। ১২ মে, মাধ্যমিক ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের ১১ জন নিয়মিত এবং একজন অনিয়মিত শিক্ষার্থী এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে ১১ জন কৃতকার্য হয়েছে।

ঢাকা ক্রেডিটের প্রেসিডেন্ট ইগ্লাসিওস হেমন্ত কোড়াইয়া ও সেক্রেটারি মাইকেল জন গমেজসহ পরিচালনা পরিষদ কৃতকার্য শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছেন।

রাজধানীর নদায় নিজস্ব ভবনে ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল পরিচালিত হচ্ছে। ঢাকা ক্রেডিট মানসম্মত শিক্ষা দেয়ার অঙ্গিকার নিয়ে স্কুলটি শুরু করে এবং অদ্যাবধি শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে।

এই বছর ১৫ ফেব্রুয়ারী শুরু হওয়া এসএসসি পরীক্ষা শেষ হয় ২০ মার্চ। এসএসসি ও সমমানের পরীক্ষায় ১১ টি শিক্ষাবোর্ডের অধীনে ২০ লক্ষ ২৪ হাজার ১৯২ জন পরীক্ষার্থী অংশ নেয়। মোট পাশ করেছে ১৬ লক্ষ ৭২ হাজার ১৫৩ জন।

২৯ হাজার ৮৬১ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৯৬৮টি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাশ করেছে কিন্তু ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানের একজনও পাশ করতে পারেনি।